



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/8/2022

গভর্নর ক্যাথি হোকল

গ্রীষ্মকালীন কনসার্টের মৌসুমে অপ্রাপ্তবয়স্কদের অ্যালকোহল পান ও মাতাল অবস্থায়  
গাড়ি চালানো প্রতিরোধ করতে গভর্নর হোকলের প্রচেষ্টা গ্রহণের ঘোষণা

যানবাহন বিভাগের তদন্তকারীরা জনপ্রিয় কনসার্ট ভেন্যুগুলোতে ভুয়া আইডি'র জন্য  
চেক করবেন

আইন প্রয়োগের এসব প্রচেষ্টা তরুণ নিউ ইয়র্কবাসীদের মধ্যে অধিকতর স্বাস্থ্যকর  
পছন্দের প্রসার ঘটাতে এবং সড়কপথে নিরাপত্তা বৃদ্ধি করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের যানবাহন বিভাগের (Department of Motor Vehicles) তদন্তকারীরা গ্রীষ্মকালীন কনসার্টগুলোতে অ্যালকোহল ক্রয়ের জন্য ভুয়া আইডি ব্যবহার বন্ধ করতে আইন প্রয়োগমূলক উদ্যোগ পরিচালনা করছেন। অপারেশন প্রিভেন্ট নামে পরিচিত এই প্রচেষ্টায় স্টেট লিকার অথরিটি (State Liquor Authority), স্টেট পুলিশ (State Police), স্টেট পার্কস পুলিশ (State Parks Police), এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার তদন্তকারীরাও অন্তর্ভুক্ত রয়েছেন। এই ক্যাম্পেইন চলাকালীন সময়ে, স্টেটজুড়ে ভেন্যুগুলোতে আইন প্রয়োগকারী এই প্রচেষ্টা চলমান রয়েছে।

"লাইভ মিউজিক দেখা একটি চমৎকার অভিজ্ঞতা, এবং নিউ ইয়র্কে আমাদের স্টেটজুড়ে অসংখ্য দারুণ ভেন্যু রয়েছে, কিন্তু আমি সবাইকে দায়িত্বপূর্ণভাবে উদযাপন করতে অনুরোধ করবো," বলেছেন গভর্নর হোকল। "আমরা চাই নিউ ইয়র্কবাসীরা নিরাপদে এসব অনুষ্ঠান উপভোগ করবেন, এবং আইন প্রয়োগের এসব প্রচেষ্টা কনসার্টে যাওয়া অপ্রাপ্তবয়স্কদের অ্যালকোহল ক্রয় করা এবং গাড়ি চালানোর সম্ভাবনা দেখা দেওয়া প্রতিরোধ করতে সাহায্য করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

সারাটোগা পারফর্মিং আর্টস সেন্টার (Saratoga Performing Arts Center), নর্থওয়েল হেলথ অ্যাট জোন্স বিচ থিয়েটার (Northwell Health at Jones Beach Theater), ড্যারিয়েন লেক পারফর্মিং আর্টস সেন্টার (Darrien Lake Performing Arts Center), ক্যানাডাইগুয়াতে CMAC এবং সিরাকিউসে লেকভিউ অ্যাম্ফিথিয়েটারে (Lakeview Amphitheater) এবং এর পাশাপাশি অপ্রাপ্তবয়স্ক কনসার্টে গমনকারীরা জমায়েত হওয়ার সম্ভাবনা রয়েছে এমন অন্যান্য স্থানে অপারেশন প্রিভেন্ট এর আইন প্রয়োগের এই অনুসন্ধান পরিচালনা করা হবে।

**মোটর যান বিভাগের (Department of Motor Vehicles) কমিশনার এবং গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটির সভাপতি মার্ক জে. এফ. শ্রোয়েডার বলেন,** "আমাদের তদন্তকারীরা ভুয়া আইডি শনাক্তকরণে বিশেষজ্ঞ। এটি হয়তো আপনার কাছে আসল বলে মনে হতে পারে, কিন্তু তারা কোনো জাল ডকুমেন্টের পরিচয় ফাঁস করে দেওয়া চিহ্ন কিভাবে খুঁজে নিতে হয় তা জানেন। আমরা কারো মজা নষ্ট করার চেষ্টা করছি না। আমরা সবাইকে নিরাপদ রাখার চেষ্টা করছি।"

**স্টেট লিকার অথোরিটির চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন,** "যেহেতু অপ্ৰাপ্তবয়স্কদের অ্যালকোহল পান বেপরোয়া আচরণের দিকে নিয়ে যেতে পারে যার ফলাফল হতে পারে আজীবনের জন্য বিজ্ঞানক কোনো পরিণতি, তাই আমাদের অপ্ৰাপ্তবয়স্ক তরুণদের হাত থেকে অ্যালকোহলকে দূরে রাখতে DMV এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থায় আমাদের অংশীদারদের সঙ্গে কাজ করে যেতে SLA দৃঢ় প্রতিজ্ঞ রয়েছে। সহযোগিতামূলকভাবে কাজ করার মধ্য দিয়ে, আমরা ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে অপ্ৰাপ্তবয়স্কদের কাছে অ্যালকোহল বিক্রি করা এবং তরুণ নিউ ইয়র্কবাসীদের ভুয়া আইডি ব্যবহার করে অ্যালকোহল কেনার চেষ্টা করা উভয়টি থেকে নিরুৎসাহিত করতে পারি।"

**নিউ ইয়র্ক স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "অপ্ৰাপ্তবয়স্কদের অ্যালকোহল পান এবং অ্যালকোহল ক্রয়ের জন্য অপ্ৰাপ্তবয়স্কদের ভুয়া আইডি ব্যবহার করা বরদাশত করা হবে না। নিরাপত্তা হলো আমাদের শীর্ষ অগ্রাধিকার, এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশ অপ্ৰাপ্তবয়স্ক ব্যবহারকারীদের নিরুৎসাহিত করতে, শনাক্ত করতে এবং পাকড়াও করতে নিরলসভাবে কাজ করে যাবে। অপ্ৰাপ্তবয়স্কদের অ্যালকোহল পান এবং এটি যে মর্মান্তিক প্রভাব তৈরি করতে পারে তা বন্ধের জন্য তাদের শেয়ারকৃত অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

**অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কমিশনার শিনাঘো কানিংহাম বলেন,** "তরুণ ও তরুণ প্রাপ্তবয়স্কদের অ্যালকোহল পান করা তাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্যের উপর এবং নিরাপদ সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতার উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। যখন অপ্ৰাপ্তবয়স্কদের অ্যালকোহল ব্যবহারের বিষয় আসে, বাবা-মা ও দেখাশোনাকারী অন্যান্য প্রাপ্তবয়স্করা সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাব রাখেন। আপনার পরিবারকে নিরাপদে গ্রীষ্মকাল উদযাপনে সাহায্য করতে একসঙ্গে একটি পরিকল্পনা তৈরি করুন।"

21 বছরের কম বয়সী গ্রাহকদের অ্যালকোহল ক্রয়ের জন্য ভুয়া আইডি বা অন্য ব্যক্তির আইডি ব্যবহার করতে দেখা গেলে তাদের টিকেট দেওয়া হতে পারে এবং তাদের লাইসেন্স কমপক্ষে 90 দিন থেকে সর্বোচ্চ এক বছরের জন্য প্রত্যাহার করে নেওয়া হতে পারে।

গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee) অপারেশন প্রিভেন্টে সহায়তা করেছে। এই কমিটি নিউ ইয়র্কে ট্রাফিক নিরাপত্তা সংক্রান্ত ক্রিয়াকলাপ সমন্বয় করে, এবং এটি হাইওয়ের নিরাপত্তা উন্নত করবে এবং দুর্ঘটনার কারণে মৃত্যু ও গুরুতর

আঘাতপ্রাপ্তি কমাতে এমন প্রকল্পগুলোর জন্য স্থানীয়, স্টেট, ও অলাভজনক সংস্থাগুলোকে ফেডারেল হাইওয়ে সেফটি গ্র্যান্ট ফান্ড প্রদান করে থাকে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418